

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
জেলা পরিষদ অধিশাখা  
[www.lgd.gov.bd](http://www.lgd.gov.bd)

স্মারক নং-৪৬.৪২.৩৬০০.০০০.১৪.১১৮.১৫(১). ২৭৩০

২৬ আষাঢ় ১৪২৩  
তারিখঃ ১২ জুলাই ২০১৬

বিষয়ঃ ২০১৫-২০১৬ অর্থ বছরে হবিগঞ্জ জেলা পরিষদের রাজস্ব তহবিলের আওতা গৃহীত প্রকল্প বাস্তবায়নের প্রশাসনিক অনুমোদন।

সূত্রঃ হবিগঞ্জ জেলা পরিষদের স্মারক নং-জেপ/হবি/প্রকৌ/১১/২০১৬/১৩৪২, তারিখঃ ১০/৫/২০১৬।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে, ২০১৫-২০১৬ অর্থ বছরে অনুমোদিত রাজস্ব তহবিলের আওতায় প্রকল্প তালিকার ক্রমিক নং-২৭ এ বর্ণিত ৯,৬৯,৩০০/- (নয় লক্ষ ঊনসত্তর হাজার তিনশত) টাকায় গৃহীত শিক্ষিত বেকার যুবতীদের সেলাই প্রশিক্ষণ ও সেলাই মেশিন বিতরণ প্রকল্পটি নিম্নে বর্ণিত শর্তে বিধি মোতাবেক বাস্তবায়নের প্রস্তাবে নির্দেশক্রমে অনুমোদন দেয়া হলো :

শর্তসমূহঃ

- ১) প্রশিক্ষার্থী বাছাইয়ের জন্য বহুল প্রচলিত জাতীয় দৈনিক পত্রিকায় বিজ্ঞপ্তি প্রদান করতে হবে;
- ২) প্রশিক্ষণ প্রকল্প বাস্তবায়নের জন্য প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, হবিগঞ্জ উপ পরিচালক, স্থানীয় সরকার, হবিগঞ্জ উপজেলা নির্বাহী অফিসার, হবিগঞ্জ সহকারী প্রকৌশলী, জেলা পরিষদ, হবিগঞ্জ এর সমন্বয়ে কমিটি গঠন করতে হবে;
- ৩) বিজ্ঞপ্তির মাধ্যমে প্রাপ্ত আবেদনপত্রসমূহ কমিটির মাধ্যমে যাচাই বাছাই করে প্রশিক্ষণার্থী নির্বাচন করে তাদের নামের তালিকা (জাতীয় পরিচয় পত্রের নম্বর উল্লেখসহ) মন্ত্রণালয় কে অবহিত রেখে প্রশিক্ষণ কার্যক্রম গ্রহণ করতে হবে;
- ৪) সেলাই প্রশিক্ষণসহ অন্যান্য প্রশিক্ষণ কোর্স যুবসমূহ উন্নয়ন অধিদপ্তর পরিচালিত প্রশিক্ষণ পাঠক্রম অনুরূপে পরিচালনা করতে হবে;
- ৫) প্রশিক্ষকের সম্মানী প্রতি ক্লাসের জন্য অনধিক ৫০০/- (পাঁচশত) টাকা হারে প্রদান করা যাবে এবং প্রশিক্ষার্থীগণ যেহেতু বিনা মূল্যে প্রশিক্ষণের সুযোগ পাচ্ছেন সেহেতু তাদেরকে আর কোন সম্মানী/ যাতায়াত বাবদ ভাতা দেয়া যাবে না; প্রশিক্ষার্থীদের নাস্তার জন্য সর্বোচ্চ প্রতিদিন ৫০.০০(পঞ্চাশ) টাকা ব্যয় করা যাবে;
- ৬) যেহেতু আলোচ্য প্রশিক্ষণ কার্যক্রম জেলা পরিষদ আইন ২০০০ এর ঐচ্ছিক কার্যাবলীর সামাজিক উন্নয়নের আওতাভুক্ত সেহেতু জেলা পরিষদের কার্যাবলীর আওতাভুক্ত কোন প্রকল্প বাস্তবায়নের জন্য (জেলা পরিষদ চত্বরে পরিচালিত প্রশিক্ষণ কার্যক্রম) জেলা পরিষদের কর্মকর্তা/কর্মচারীগণকে আলাদাভাবে কোন সম্মানী দেয়া যাবেনা;
- ৭) সেলাই মেশিন ক্রয়ের ক্ষেত্রে ব্রান্ড মেশিন (সিংসার/বাটার ফ্লাই) ক্রয়;
- ৮) পরিচালক স্থানীয় সরকার, সিলেট এবং উপপরিচালক, স্থানীয় সরকার হবিগঞ্জ এর উপস্থিত থেকে সেলাই মেশিন/ কম্পিউটার বিতরণ শেষে আবশ্যিকভাবে মন্ত্রণালয়ে একটি প্রতিবেদন প্রেরণ করতে হবে।

(জুবাইদা নাঈরীণ)

উপসচিব

ফোনঃ ৯৫৭৫৫৬৮

Email-[lgzp@lgd.gov.bd](mailto:lgzp@lgd.gov.bd)

প্রধান নির্বাহী কর্মকর্তা  
জেলা পরিষদ, হবিগঞ্জ।

অনুলিপিঃ

- ১। মহাপরিচালক (মইইউইং), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। বিভাগীয় কমিশনার, সিলেট।
- ৩। পরিচালক, স্থানীয় সরকার, সিলেট (অনুমোদিত প্রকল্পগুলো সরেজমিনে পরিদর্শন করে প্রতিবেদন প্রেরণের জন্য অনুরোধ করা হলো)।
- ৪। প্রশাসক, জেলা পরিষদ, হবিগঞ্জ।
- ৫। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।